গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ৬৪

**রাজশাহীতে শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপন উপলক্ষ্যে আরএমপি'র মতবিনিময় সভা অনুষ্ঠিত**

রাজশাহী, ২৫ ভাদ্র (০৯ সেপ্টেম্বর):

আজ মঙ্গলবার (০৯ সেপ্টেম্বর) সকাল ১১টায় রাজশাহী মেট্রোপলিটন পুলিশ সদর দপ্তরের সভাকক্ষে আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৫ উদ্‌যাপনকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন আরএমপি'র পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান।

সভায় রাজশাহী মহানগরের বিভিন্ন পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি, পূজামণ্ডপের নেতৃবৃন্দ এবং অন্যান্য সদস্যরা অংশ নেন। তাঁরা পূজা উদ্‌যাপনকালে বিভিন্ন সমস্যা ও অভিজ্ঞতার পাশাপাশি আইন-শৃঙ্খলা সংক্রান্ত নানা প্রস্তাবনা উপস্থাপন করেন।

সভায় পুলিশ কমিশনার পূজা উদ্‌যাপন কমিটির নেতৃবৃন্দকে অগ্রিম শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজশাহী মহানগর পরিচ্ছন্ন ও শান্তি শহর হিসেবে দেশব্যাপী পরিচিত। সাম্প্রদায়িক সম্প্রীতি ও আইন-শৃঙ্খলা বজায় রেখে পূজা উদ্‌যাপন নিশ্চিত করতে আরএমপি'র পক্ষ থেকে তিন স্তর বিশিষ্ট নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে।

তিনি বলেন, প্রতিমা প্রস্তুত থেকে শুরু করে পূজা চলাকালীন এবং প্রতিমা বিসর্জন দেওয়া পর্যন্ত নিরাপত্তা নিশ্চিত করতে আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে। এবছর রাজশাহী মেট্রোপলিটন এলাকায় মোট ১০৩ টি মণ্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। নিরাপত্তা ঝুঁকি বিশ্লেষণ করে এসব পূজা মণ্ডপকে সাধারণ, গুরুত্বপূর্ণ এবং অতি গুরুত্বপূর্ণ এই তিন ক্যাটাগরিতে বিভক্ত করে নিরাপত্তা ব্যবস্থা সাজানো হয়েছে।

তিনি আরও বলেন, প্রতিটি পূজামণ্ডপে নিজস্ব নিরাপত্তা টিম গঠন করে স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে এবং তাদের তালিকা সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দিতে হবে। প্রতি পূজা মন্ডপে সিসি ক্যামেরা, জেনারেটর বা আইপিএসসহ প্রয়োজনীয় সরঞ্জামের ব্যবস্থা রাখতে হবে। হাউজি, জুয়া, ডিজে পার্টি, লাউড স্পিকারে গান বাজানো, পটকা, আতশবাজি, মাদক ও উগ্রতা পরিহার করতে হবে। বেপরোয়া বাইকার, শব্দদূষণ, কিশোর গ্যাং ও ইভটিজিং প্রতিরোধে পুলিশি তৎপরতার পাশাপাশি নাগরিকদেরও সচেতন থাকতে হবে। নাগরিকরা সচেতন থাকলে এবারের দুর্গাপূজা হবে শান্তিপূর্ণ ও আনন্দমুখর। গুজব বা কোনো ইস্যুকে কেন্দ্র করে কেউ মব সৃষ্টি করে আইন নিজের হাতে তুলে না নেওয়ার আহ্বান জানান তিনি।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন উপ-পুলিশ কমিশনার মোহাম্মদ খোরশেদ আলমসহ আরএমপি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, রাজশাহী র‍্যাব-৫ এর অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোহাম্মদ মাসুদ পারভেজ, ডিজিএফআই, এনএসআই, বিজিবি, আনসার, ফায়ার সার্ভিস, নৌ পুলিশ, রাজশাহী সিটি কর্পোরেশন এবং নেসকো লিমিটেড ও ইসলামি ফাউন্ডেশন এর প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক ব্যক্তি পূজা উদ্‌যাপন কমিটির সভাপতি ও সদস্যবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

.......................................................................

আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৭.৩০ঘ